দৈনিক
ইনকিলাব

তারিখ 9 FEB 2013
পৃষ্ঠা ৮/৪

কোমলমতি ছাত্র-ছাত্রীদের বিপথগামী করার চক্রান্ত

আইডিয়াল স্কুলের অশ্লীল ও বিতর্কিত গ্রামার বই এখনো প্রত্যাহার করা হয়নি

স্টাফ রিপোর্টার ঃ রাজধানীর খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠান আইডিয়াল স্কুল এন্ড কলেজের কোমলমতি ছাত্র-ছাত্রীদের চরিত্র ধ্বংসের সুদূরপ্রসারী পরিকল্পনা নিয়ে এগিয়ে চলেছেন প্রতিষ্ঠানটির প্রিন্সিপাল মোঃ এ কে নওয়াজ। সম্প্রতি তিনি অসংখ্য ভুলে ভরা ও চরম অশ্লীল একটি ইংরেজী ব্যাকরণ বই রচনা করে তা চলতি বছর থেকে স্কুল সেকশনের ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর জন্য পাঠ্য করেছেন। অত্যন্ত নিম্নমানের ও বিকৃত রুচির এই ইংরেজী ব্যাকরণ নিয়ে খোদ আইডিয়াল স্কুলের শিক্ষক ও অভিভাবকদের মধ্যে তীব্র বিতর্কের ঝড় উঠলেও প্রিন্সিপাল জনাব নওয়াজ বইটি এখনো প্রত্যাহার করেননি। বরং এই অশ্লীল গ্রামার বইটি বাধ্যতামূলকভাবে পড়ানোর জন্য তিনি আরো জিদ ধরেছেন। 'স্পেশাল কম্যুনিকেটিভ ফাংশনাল ইংলিশ গ্রামার এন্ড কম্পোজিশন' নামের প্রায় ৮শ' পৃষ্ঠার এই বইটির পাতায় পাতায় কেবল

১৫-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

আইডিয়াল স্কুলের বিতর্কিত গ্রামার বই

(৮-এর পৃষ্ঠার পর)

অসংখ্য ভুলই নয়, এতে রয়েছে মদ, মেয়ে, প্রেম বিষয়ক বাক্য রচনার অজস্র নির্দেশনা। বিকৃত রুচির এই প্রিন্সিপাল তার রচিত গ্রামার বইটিতে শিশু-কিশোরদের জন্য অশ্লীল ও উদ্দেশ্যপূর্ণ বাক্যে যেসব ট্রানস্লেশন করতে দিয়েছেন তা হলো- 'মেয়েটি লেখকটিকে প্রেমালিঙ্গন করেছে (পৃষ্ঠা-১৬৫); আমি যখন ঘুমাচ্ছিলাম তখন নাছরিন আমাকে চুমু দিয়েছিল (পৃষ্ঠা-১৭২); দীপা তার বড় ভাইয়ের বন্ধুকে বিয়ে করবে (পৃ-১৭৯); তার বোন ছিনাল (পৃ-১৯), নূরী তাকে পাগল বানিয়েছিল; সে তাকে উষ্ণ রাখে; তুমি তাদেরকে জড়াজড়ি করতে দেখেছিলে; সে একটি কলগার্ল (ডাকের মেয়ে); দিপাবলী আমাকে খুশী করে; আহা! কিভাবে যৌবন পার হয়ে যায়; সে আমার প্রেমিকা; রোজি কি তার সাথে পালিয়ে গিয়েছে? তার মেয়ের সৌন্দর্য আমাকে মুগ্ধ করেছিল (পৃ-৩১); এটা শরীরের চাহিদা (পৃ-৩২); মাধুরী আমার সাথে এই বসন্তে রাত কাটাবে (পৃ-১৬১); মাধুরী পোশাক ছাড়ার পর পুকুরে গোসল করবে (পৃ-১৬৫); তোমার শরীর বিড়ালের শরীরের মতো নরম (পৃ-২৪৫); সে কি তোমাকে বিয়ে করার কথা দিয়েছিল (পৃ-২৪৫); তার প্রেমিকা পূর্নিমা দেহত্যাগ করে (পৃ-২৫৪); নিশীথ রাতে জোসি আমার ঘরে ঢুকেছিল (পৃ-২৫৪); মেরী তার প্রাক্তন প্রেমিককে ঘৃণা করে (পৃ-১২৫); নাছরিন তার পিতামাতাকে উপেক্ষা করে আমাকে বিয়ে করেছিল (পৃ-১২৭); তাকে ছিনাল বললেই হয় (পৃ-২৫৭); আমি নাছরিনের কাছে এক ঘন্টা মিনতি করিতেছি (পৃ-১৬৭); নিরা গতবছর থেকে আমার সাথে বাস করছে (পৃ-১৬৭); যখন দুই চাওলা নাচছিল আমরা তখন হাততালি দিচ্ছিলাম (পৃ-১৬৯); ঝুমুর নিয়মিত মাদক গ্রহণ করতো (পৃ-১৭০); নিলুফা সিগারেট খায় (পৃ-২৪৮); স্বাধীনতার পর বাংলাদেশের যুব সমাজের অধিকাংশ সন্ত্রাস আর মাদকাসক্ত হয়ে যায়' প্রভৃতি। এছাড়া বইটিতে মদ, বীয়ার, কামুক, প্রেমিকা, সম্পূর্ণ নগ্ন প্রভৃতি শব্দ দিয়ে বাক্য রচনাও করতে দেয়া হয়েছে। আবার যেসব ইংরেজি বাক্য তুলে ধরে বঙ্গানুবাদ করতে এবং ইংরেজি বাগধারা ব্যবহার করে বাক্য তৈরীর উদাহরণ দেয়া হয়েছে তার মধ্যে রয়েছে- 'আই কিস্ড হার ওপেনলি এ্যাট মাই সুইট উইল (পৃ-৩১৭), হি কিস্ড হিজ হোস্টেসেস হ্যান্ড (পৃ-২৩১), সী কেম টু মী এ্যাট ডেড অফ নাইট (গভীর রাতে) (পৃ-৩১৬), আই লাস্ট আফটার (খুব কামনা অনুভব করা) ওমেন (পৃ-৩৪৩), আই হ্যাড হার স্টার্ক ন্যাকেড (সম্পূর্ণ নগ্ন) দেয়ার (পৃ-৩৫৮)। হিজ সিস্টার ইজ এ প্ল্যার্ট (ছিনাল), রিনি ড্রিঙ্ক এ বটল অফ বীয়ার, হিজ ইজ এ সন অফ বীচ, হুইচ অফ দেম ইজ উওর ডার্লিং? আই এ্যাডভাইস হার টু মেরি মী ফর শেল্টার, ওয়ান মাইট এ্যাজ ওয়েল কল হার এ প্ল্যার্ট, সী ইজ ফন্ড অফ সেকসুয়াল (কামুক) প্লেজার্স প্রভৃতি।

এই গ্রামার বইটিতে আবার বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রীর নাম শেখ হাসিনা বলে উল্লেখ করা হয়েছে (পৃষ্ঠা-৩৭)। অপরদিকে অশ্লীল ও আপত্তিকর বাক্যাবলী ছাড়াও বইটির প্রতি পাতায় ইংরেজি শব্দের বানান, বাক্য গঠন রীতি, অনুবাদ, বিপরীতার্থক শব্দ প্রভৃতির ক্ষেত্রেও রয়েছে অজস্র ভুলের ছড়াছড়ি। এ ব্যাপারে আইডিয়াল স্কুল এন্ড কলেজের শিক্ষক ও অভিভাবকরা আপত্তি জানিয়ে প্রিন্সিপালকে বইটি প্রত্যাহার করে নিতে অনুরোধ জানালে তিনি উল্টো তাদের আরো ধমকে দিয়েছেন এবং বইটি নিয়ে বিতর্ক যতো বাড়বে ততো এর কাটতিও বৃদ্ধি পাবে বলে মন্তব্য করেছেন। পর্ণো ম্যাগাজিনের মতো এ ধরনের বিকৃত রুচির গ্রামার তিনি কিভাবে স্কুল পর্যায়ের ছাত্রছাত্রীদের জন্য রচনা ও পাঠ্য করলেন জানতে চাইলে প্রিন্সিপাল মোঃ এ কে নওয়াজ বলেন, 'বইটিতে অশ্লীল বা আপত্তিকর কিছুই নেই। এসবই বর্তমানকালের জীবনের বাস্তবতা এবং ছাত্রছাত্রীদের স্কুল থেকেই তা শিখে বড় হওয়া উচিত।' এক পর্যায়ে তিনি মন্তব্য করেন, 'আল-কোরআনেও তো অনেক অশ্লীল শব্দ (নাউজুবিল্লাহ) রয়েছে। তাই বলে কি তা প্রত্যাহার করা হয়েছে?'

এদিকে অভিভাবকরা অবিলম্বে বইটি প্রত্যাহার এবং এ ধরনের অশ্লীল বই রচনা ও তা শিশু-কিশোরদের পাঠ্য করার জন্য প্রিন্সিপালের শাস্তি দাবী করে বলেছেন, স্কুলটির ভাবমূর্তি ক্ষুণ্ন করে কোমলমতি ছাত্রছাত্রীদের বিপথগামী করার উদ্দেশ্যেই জনাব নওয়াজ এই উদ্যোগ নিয়েছেন। এ অবস্থায় তার মতো ব্যক্তি প্রিন্সিপাল থাকা তো দূরের কথা, শিক্ষকতার মহান পেশা থেকেই তাকে বহিষ্কার করতে হবে।